

ঐ জলকে চলে লো কার বিয়ারী।
রূপ চাপে না তার নীল-সাড়ি ॥
এমন মিঠি বিজলী বীথি শেফালিকা কে গো?
রূপে ডুবুডুবু রবি, রঙভরা ছবি,
ছোঁয়াচ লেগেছে গো।
মন মানে না আর কি করি,
চলে পিছনে ছুটে তারি ॥
নাচে বুলবুলি ফিঙে,থেমে নাচে ডিঙে,
মাঠে নাচে খঞ্জন,
তার দুটি আঁখিতারা নেচে হতো সারা
দেখেছে বেলো কোন জন ?
আঁখি নিল যে মোর মন কাড়ি
ঘরে থাকিতে যে না পারি ॥
গোলাপ বেলী, যুগই চামেলী,
কোন ফুল তার দুল গো?
তার যৌবন-নদী বহে নিরবধি
ভাসায়ে দু কুল গো।
নিল ভাসায়ে কুল আমারি
দু কুল ছাপানো বান তারি ॥